গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/ ৩২৫৮ তারিখঃ 22 জুন ২০১৭

**বিষয় ঃ ১৫১ তম কমিশন সভার কার্যবিবরণী**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৫১ তম কমিশন সভা ২১ জুন, ২০১৭ তারিখ বুধবার সকাল ১০:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্বে করেন। সভার উপস্থিতি **পরিশিষ্ট "ক"** তে উল্লেখ করা হলো।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। প্রতিটি বিষয় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১৫১/১ | **আলোচ্য বিষয়:** ১৫০তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>**সিদ্ধান্ত :** ১৫০তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| ১৫১/২ | **আলোচ্য বিষয়:** ১৫০তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>**সিদ্ধান্ত:** ১৫০তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকগণ |
| ১৫১/৩ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৭ (সাত) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৭ (সাত) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৩৮৮৪ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল/গ্যাস ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ (তিন) বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন করা হয়:<br><br>১. মাসকো টেক্স লিমিটেড [মান্নান ম্যানশন, ৩১-৩২, সাতাইশ রোড, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ৭২০ কি:ও: [৪৪০ + ২৮০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>২. নর্দান ক্লথিং লিমিটেড [হোল্ডিং নং: জে-০১, ওয়ার্ড নং: ০৭, ইপিজেড-কালিয়াকৈর রোড, চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর] এর অনুকূলে ৪০০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৩. ডিএনভি ক্লথিং লিমিটেড [প্লট নং: ১০০-১০১, আদমজী ইপিজেড, নারায়ণগঞ্জ] এর অনুকূলে ৫৬০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা;<br><br>৪. শার্প নীটিং এন্ড ডায়িং লিমিটেড [১২৩, পরাগ, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ৪৪৮ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৫. বাংলাদেশ স্টিল রি-রোলিং মিলস লিমিটেড [৪৩ এবং ৫০, নাসিরাবাদ শিল্প এলাকা, বায়েজীদ বোস্তামী রোড, চট্টগ্রাম] এর অনুকূলে ৮৪৪ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/-(তিন হাজার) টাকা;<br><br>৬. ডেনিম প্রসেসিং লিমিটেড [বেলাশহর, চান্দিনা, কুমিল্লা] এর অনুকূলে ৪৮৮ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৭. বডি ফ্যাশন (প্রা.) লিমিটেড [নওজোড়, কড্ডা, জয়দেবপুর, গাজীপুর] এর অনুকূলে ৪২৪ কি:ও: [১৫৮ (গ্যাস ভিত্তিক, চালু প্ল্যান্ট) + ১৭৬ (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট) + ৯০ (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট)], ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা; | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| ১৫১/৪ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ২ (দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির সাময়িক লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত ২ (দুই) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৪.১১৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়:<br><br>১. এপেক্স ফুডস লিমিটেড, রূপায়ন গোল্ডেন এজ (৬ষ্ঠ ও ৭ম তলা), ৯৯, গুলশান এভিনিউ, ঢাকা- ১২১২;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ ৫১-বি, সাগরিকা রোড, পাহারতলী, চট্টগ্রাম-৪২১৯;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৯৮৬ মেগাওয়াট [ ১০১০ কি.ও. (গ্যাস) + ৮০০ কি.ও. (ডিজেল) + ১৭৬ কি.ও. (ডিজেল)]।<br><br>২. রাইয়ান নীট কম্পোজিট লিমিটেড, ২১ এবং ২১-এ, হরতকীতলা, চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ ২১ এবং ২১-এ, হরতকীতলা, চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ২.১২৮ মেগাওয়াট [১০৬৪ কি.ও. (গ্যাস) X ২]। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম/১৫১/৫ | **আলোচ্য বিষয়:** ওরিয়ন গ্যাস লি: এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ, বোতলজাতকরণ, বিপণন ও বিতরণের জন্য সাময়িক লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** 'ওরিয়ন গ্যাস লি:' (প্লট নং-আই-২(এ), মংলা শিল্প এলাকা, মংলা, বাগেরহাট)-এর অনুকূলে এলপি গ্যাস মজুদকরণ, বোতলজাতকরণ, বিপণন ও বিতরণের সাময়িক লাইসেন্স প্রদানের আবেদনটি আরো যাচাই-বাছাইপূর্বক পরিবেশ অধিদপ্তরের আবস্থানগত ছাড়পত্র প্রাপ্তি নিশ্চিত হয়ে পরবর্তী সময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (গ্যাস) |
| সিএম/১৫১/৬ | **আলোচ্য বিষয়:** 'বিসমিল্লাহ ফিলিং এন্ড সিএনজি স্টেশন'-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য রীতিসম্মত লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে লাইসেন্স ফিস সংক্রান্তে অঙ্গীকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে 'বিসমিল্লাহ ফিলিং এন্ড সিএনজি স্টেশন' (সাওঘাট, ভুলতা, রূপগঞ্জ, নারায়নগঞ্জ)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য রীতিসম্মত লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়। বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| সিএম/১৫১/৭ | **আলোচ্য বিষয়:** 'এইচ. এন. অটোমোবাইল লি:'-এর অনুকূলে প্রদত্ত রীতিসম্মত লাইসেন্সটিতে কম্প্রেসর ক্যাপাসিটি ৭৩০ ঘনমিটার/ঘন্টা হতে ১৭৩০ ঘনমিটার/ঘন্টা বর্ধিতকরণ এবং লোড ক্যাপাসিটি ২৪০০ ওয়াটার লিটার হতে ৪৯৬০ ওয়াটার লিটার সংশোধনপূর্বক নবায়ন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** 'এইচ. এন. অটোমোবাইল লি:' (আরাকান রোড, চান্দগাও, চট্টগ্রাম)-এর অনুকূলে প্রদত্ত লাইসেন্সে কম্প্রেসর ক্যাপাসিটি ৭৩০ ঘনমিটার/ঘণ্টা হতে ১৭৩০ ঘনমিটার/ঘণ্টা এবং স্টোরেজ ক্যাপাসিটি ২৪০০ ওয়াটার লিটার হতে ৪৯৬০ ওয়াটার লিটার এ সংশোধনপূর্বক নবায়নের অনুমোদন প্রদান করা হয়। | পরিচালক (গ্যাস) |
| সিএম/১৫১/৮ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপনন/বিতরণের জন্য বাই-সার্কুলেশনে ৫ (পাঁচ)টি প্রতিষ্ঠানের অনুকূলে কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করণের লক্ষ্যে ইস্যুকৃত লাইসেন্সের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপনন/বিতরণের জন্য বাই-সার্কুলেশনে ৫ (পাঁচ)টি প্রতিষ্ঠানের অনুকূলে কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করণের লক্ষ্যে ইস্যুকৃত নিম্নবর্ণিত লাইসেন্সের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়:<br><br>১) জিসকা ফার্মাসিউটিক্যালস লিঃ, নুরুল টাওয়ার (৫ম এবং ৬ষ্ঠতলা), ৩৪, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০।<br>প্রকার: মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ সুরিচালা, কারল সুরিচালা, কালিয়াকৈর, গাজীপুর।<br>বার্ষিক চাহিদা: লিকুইড প্যারাফিনঃ ৫,০৭৫ কেজি এবং হোয়াইট সফট প্যারাফিনঃ ২,১০০ কেজি<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১৫,০০০/- (পনের হাজার) টাকা।<br>মেয়াদ: ইস্যু তারিখ হতে ০৩ (তিন) মাস, ঘাটতি তথ্যাদি ২ (দুই) মাসের মধ্যে দাখিলের শর্ত সাপেক্ষে। | পরিচালক (পেট্রোলিয়াম) |

২) স্কয়ার টয়লেট্রিজ লিমিটেড [স্কয়ার সেন্টার, ৪৮, মহাখালী বানিজ্যিক এলাকা, ঢাকা-১২১২]
প্রকার: মজুদকরণ
মজুদাগারের ঠিকানা: মৌজাঃ শালগড়িয়া, পাবনা সদর, পাবনা
বার্ষিক চাহিদা: Light Liquid Paraffin: 800 M.T, Heavy Liquid Paraffin: 2 M.T, Petroleum Jelly: 1,000 M.T, Ceresin Wax-145: 10 M.T & Ceresin Wax-130/135: 10 M.T
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।
মেয়াদ: ২৩/০২/২০১৭ হতে ২২/০৮/২০১৭ পর্যন্ত,ঘাটতি তথ্যাদি ২ (দুই) মাসের মধ্যে দাখিলের শর্ত সাপেক্ষে।

৩) দি ইবনে সিনা ফার্মাসিউটিক্যালস ইন্ডাষ্ট্রি লিঃ [বাড়ি নং-৪১, রোড নং-১০/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯]
প্রকার: মজুদকরণ
মজুদাগারের ঠিকানা: শফিপুর, থানাঃ কালিয়াকৈর, জেলাঃ গাজীপুর
বার্ষিক চাহিদা: Heavy Liquid Paraffin: 2,200 Kg; White Soft Paraffin: 11 M.T.; Methylene Chloride: 80 M.T.; Hard Paraffin: 800 Kg, Peppermint Oil : 360 M.T, Acetone: 50 Kg, Ethanol: 15 M.T, Iso Propyl Alcohol: 30 M.T, Glycerol: 140 M.T, Microcrystalline Cellulose (PH 101/PH102/C-91): 47.5 M.T, Methanol: 26 M.T & Diesel: 9,00,000 Litres
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।
মেয়াদ: ০২/০২/২০১৭ হতে ০১/০৭/২০১৭ পর্যন্ত,ঘাটতি তথ্যাদি ২ (দুই) মাসের মধ্যে দাখিলের শর্ত সাপেক্ষে।

৪) এন.আর.জি কম্পোসিট ইয়ার্ণ ডাইং [৬০ (পুরাতন), ৮৬ (নতুন), বঙ্গবন্ধু রোড, নারায়নগঞ্জ-১৪০০]
প্রকার: মজুদকরণ
মজুদাগারের ঠিকানা: জমিরদিয়া, মাস্টারবাড়ি, ভালুকা, ময়মনসিংহ
বার্ষিক চাহিদা: Knitting Oil: 1,00,0000 Kg, Engine Oil: 45,000 Kg, Gear Oil: 6,500 Kg, Grease: 1,200 Kg,
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ৬০,০০০/- (ষাট হাজার) টাকা;
মেয়াদ: ০৮/০২/২০১৬ হতে ০৭/০৯/২০১৭ পর্যন্ত।

৫) আবুল খায়ের ষ্ট্রীপ প্রসেসিং লিমিটেড, হাউজ # ৭৫, রোড # ৯ (এ), ধানমন্ডি আ/এ, ঢাকা।
প্রকার: মজুদকরণ ;
মজুদাগারের ঠিকানা: শাহ মোহাম্মদপুর, ভাটিয়ারি, শীতাকুন্ড, চট্টগ্রাম;
বার্ষিক চাহিদা: নিটিং গ্রীজঃ ১,০৮০ কেজি;
লাইসেন্স ফিস: ১৫,০০০/- (পনের হাজার) টাকা;
মেয়াদ: ইস্যু তারিখ হতে ০৩ (তিন) মাস,ঘাটতি তথ্যাদি ২ (দুই) মাসের মধ্যে দাখিলের শর্ত সাপেক্ষে।

| | | |
|---|---|---|
| সিএম/১৫১/৯ | **আলোচ্য বিষয়ঃ** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদান ও পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপনের মাধ্যমে লাইসেন্স প্রদানের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে ও লাইসেন্স ফিস পরিশোধ করার শর্তে নিম্নবর্ণিত ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিপণন/বিতরণের এর জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করা হয় এবং বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে।<br><br>১) বাংলাদেশ পলি প্রিন্টিং ইন্টারন্যাশনাল লিঃ [খুলনা মংলা রোড, নওয়াপাড়া, ফকিরহাট, বাগেরহাট]<br>প্রকার: মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ ৪৬ নওয়াপাড়া, নওয়াপাড়া শ্যামবাগাট, ফকিরহাট, বাগেরহাট<br>বার্ষিক চাহিদা: Paraffin Wax: 240 M.T;Thinner: 350 M.T; Ethyl Acetate: 310 M.T<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>মেয়াদ: ২৭/০৬/২০১৭ হতে ২৬/১২/২০১৭ তারিখ পর্যন্ত | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম/১৫১/১০ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থের নতুন লাইসেন্স এর জন্য আবেদন ফরম ও চেকলিস্ট, সংশোধিত লাইসেন্স সার্টিফিকেটের জন্য আবেদন ফরম ও চেকলিস্ট, নবায়নের জন্য আবেদন ফরম এর অনুমোদন এবং আবেদন নিষ্পত্তি সহজীকরণ সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** সভায় উপস্থাপিত পেট্রোলিয়ামজাত পদার্থের নতুন লাইসেন্স এর আবেদন ফরম ও চেকলিস্ট, সংশোধিত লাইসেন্স সার্টিফিকেটের আবেদন ফরম ও চেকলিস্ট এবং নবায়নের আবেদন ফরম অনুমোদন করা হয় (পরিশিষ্ট-খ)। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম/১৫১/১১ | **আলোচ্য বিষয়:** Steps for Disposal of Dispute Settlement Application অনুমোদন সম্পর্কে।<br>**সিদ্ধান্ত:** সভায় উপস্থাপিত Steps for Disposal of Dispute Settlement Application অনুমোদন প্রদান করা হয় (পরিশিষ্ট-গ)। | সচিব |
| সিএম/১৫১/১২ | **আলোচ্য বিষয়:** কমিশনের প্রাক্তন চেয়ারম্যান ও সদস্যগণের বকেয়া ভাতাদি কর্তনসহ প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** বিষয়টি সভার আলোচ্য সূচী হতে প্রত্যাহার করা হয়। | পরিচালক (অর্থ ও হিসাব) |
| সিএম/১৫১/১৩ | **আলোচ্য বিষয়:** কমিশনর অধীনে টেস্টিং ইনষ্টিটিউট স্থাপনের জন্য সরকার কর্তৃক পূর্বাচল নতুন শহর প্রকল্পে বরাদ্দ জমির এককালীন মূল্য বাবদ ২.০০ (দুই) কোটি টাকা পরিশোধের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান সম্পর্কে।<br><br>**আলোচনাঃ** সভায় জানানো হয় যে, সরকার কর্তৃক পূর্বাচল নতুন শহর প্রকল্পে ০১ নং সেক্টরে ২০৩ নং রাস্তার ১ (এক) বিঘা আয়তনের ১ নং প্লটটি বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের অধীনে টেস্টিং ইনষ্টিটিউট স্থাপনের জন্য কাঠা প্রতি টাকা ১০,০০,০০০/- (দশ লক্ষ) মাত্র মূল্যে বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত প্লটের সমুদয় মূল্য বাবদ ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা আগামী ৩০/৬/২০১৭ তারিখের মধ্যে চেয়ারম্যান, রাজউক বরাবর ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধের জন্য অনুরোধ করা হয়েছে।<br>সে প্রেক্ষাপটে চেয়ারম্যান, রাজউক বরাবর ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকার চেক নং- ৯৪৯৫৬১৭ বিভি নং-৭০৭ তারিখ ১৯/০৬/২০১৭ ইং প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য, কমিশনের চলতি ২০১৬-১৭ অর্থ বছরে ভূমি অধিগ্রহণ (কোড নং-৬৯০০) খাতে সংশোধিত বাজেটে ৩,০০,০০,০০০/- (তিন কোটি) টাকা বরাদ্দ রয়েছে।<br><br>সভায় সরকার কর্তৃক কমিশনের অধীনে টেস্টিং ইনষ্টিটিউট স্থাপনের জন্য বরাদ্দকৃত পূর্বাচল নতুন শহর প্রকল্পে ০১ নং সেক্টরে ২০৩ নং রাস্তার ১ (এক) বিঘা আয়তনের ০০১ নং প্লটটির মূল্য বাবদ এককালীন ২,০০,০০,০০০/- (দুই কোটি) চেয়ারম্যান, রাজউক এর অনুকূলে পরিশাধের বিষয়ে একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** সরকার কর্তৃক কমিশনের অধীনে টেস্টিং ইনষ্টিটিউট স্থাপনের জন্য বরাদ্দকৃত পূর্বাচল নতুন শহর প্রকল্পে ১ নং সেক্টরে ২০৩ নং রাস্তার ১ (এক) বিঘা আয়তনের ১ নং প্লটটির মূল্য বাবদ এককালীন ২,০০,০০,০০০/- (দুই কোটি) চেয়ারম্যান, রাজউক এর অনুকূলে পরিশোধের অনুমোদন প্রদান করা হয়। | পরিচালক (অর্থ ও হিসাব) |

সিএম/১৫১/১৪

**আলোচ্য বিষয়:** USAID এর CCEB প্রকল্প কর্তৃক কমিশনের Concurrence for BERC Institutional Capacity Assessment এর সম্মতি প্রদান সম্পর্কে।

**আলোচনা:** সভায় জানানো হয় যে, USAID এর অর্থায়নে পরিচালিত Catalyzing Clean Energy in Bangladesh (CCEB) প্রকল্পের মেয়াদ আগামী সেপ্টেম্বর ২০১৭ তে শেষ হবে। কমিশন ও কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের সহযোগিতায় Maturity Model এর মাধ্যমে বিইআরসি'র প্রাতিষ্ঠানিক দক্ষতা নিরূপনের বিষয়টি CCEB প্রকল্পের কার্যক্রমের একটি অংশ এবং এটি চলতি বছরের মধ্যে বাস্তবায়নের জন্য তাদের অভিপ্রায় রয়েছে। Maturity Model এর মাধ্যমে বিইআরসি'র প্রাতিষ্ঠানিক দক্ষতা নিরূপনের বিষয়টি ৫(পাঁচ) বছর মেয়াদী CCEB, Task-1 এর কর্ম পরিকল্পনার অন্তর্ভুক্ত হওয়ায় কমিশনের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে আলোচ্য প্রাতিষ্ঠানিক দক্ষতা নিরূপনের বিষয়ে সম্মতি প্রদানের জন্য CCEB কমিশনকে অনুরোধ জানিয়েছে।

**সিদ্ধান্ত:** USAID এর অর্থায়নে পরিচালিত Catalyzing Clean Energy in Bangladesh (CCEB) কর্তৃক Maturity Model এর মাধ্যমে বিইআরসি'র প্রাতিষ্ঠানিক দক্ষতা নিরূপনের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। **এজন্য প্রশ্ন কমিশন হতে অনুমোদন করে নিতে হবে।**

সচিব

---

সিএম/১৫১/১৫

**আলোচ্য বিষয়:** বিদ্যুৎ খাত উন্নয়ন ফান্ড সম্পর্কিত রেগুলেটরী গাইডলাইন্স ২০১৭ এর খসড়া চূড়ান্তকরণের জন্য ৪ মে, ২০১৭ তারিখে বিয়াম ফাউন্ডেশনে অনুষ্ঠিত ওয়ার্কসপে ব্যয়িত অর্থের সমন্বয় সম্পর্কে।

**সিদ্ধান্ত:** বিদ্যুৎ খাত উন্নয়ন ফান্ড সম্পর্কিত রেগুলেটরী গাইডলাইনস, ২০১৭ এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে ০৪ মে, ২০১৭ তারিখে বিয়াম ফাউন্ডেশনে অনুষ্ঠিত কর্মশালায় অংশগ্রহণকারীদের সম্মানি (আলোচক, রেপোটিয়ার, উপস্থাপক, অংশগ্রহণকারী এবং কর্মশালার কাজে সহায়তাকারী), অতিথিদের আপ্যায়ন, হল ভাড়া এবং অন্যান্য খরচ বাবদ **নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়:**

| ক্রমিক নং | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ১ | কর্মশালায় উপস্থিত বিশেষ অতিথি, মেনটরগণ, অংশগ্রহণকারী, রেপোটিয়ারগণ, উপস্থাপক এবং কর্মশালার কাজে সহায়তাকারীগণকে প্রদত্ত সম্মানী | ১২২,৫০০.০০ |
| ২ | মাল্টি মিডিয়া ও ভিআইপি ক্যান্টিন ভাড়া | ১৬,৯৫০.০০ |
| ৩ | আপ্যায়ন ব্যয় | ৯৩,৮১০.০০ |
| ৪ | হল ডেকোরেশন | ১৩,০০০.০০ |
| ৫ | মাল্টিমিডিয়া প্রজেক্টর ও স্ক্রীন | ৬,০০০.০০ |
| ৬ | ব্যানার, ফেস্টুন, হোয়াইট বোর্ড ও স্ট্যান্ড ক্রয় | ৫,৭০০.০০ |
| ৭ | পেন ড্রাইভ, মাল্টি প্লাগ, স্টেশনারী সামগ্রী ক্রয় ও ফিটিং | ৪,৬২০.০০ |
| | সর্বমোট: (দুই লক্ষ বাষট্টি হাজার পাঁচশত আশি) টাকা | ২,৬২,৫৮০.০০ |

সচিব

---

সিএম/১৫১/১৬

**আলোচ্য বিষয়:** বিচারিক প্রক্রিয়া পদ্ধতি এবং আদালতের বিধিমালার সম্যক ধারণা সম্পর্কিত ৮ মে, ২০১৭ তারিখে কমিশনে অনুষ্ঠিত প্রশিক্ষণে ব্যয়িত অর্থের সমন্বয় সম্পর্কে।

**সিদ্ধান্ত:** বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে লাইসেন্সীদের মধ্যে অথবা লাইসেন্সী ও ভোক্তার মধ্যে বিরোধ নিষ্পত্তির জন্য নিয়মিত বিচারিক কার্যক্রম সংগঠিত এবং সম্পন্ন করার লক্ষ্যে বিচারিক প্রক্রিয়া, পদ্ধতি এবং আদালতের আচরণ বিধিমালা সম্পর্কে সম্যক ধারনা লাভের জন্য ৮ মে ২০১৭ তারিখ কমিশনের সভা কক্ষে দিনব্যাপী অনুষ্ঠিত প্রশিক্ষণ পরিচালনার জন্য রিসোর্স পার্সনগণের এবং অংশগ্রহণকারী কর্মকর্তাগণের সম্মানী প্রদান এবং আপ্যায়ন বাবদ নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়:

সচিব

<table>
<tr><td></td><td>
<table>
<tr><th>ক্রমিক</th><th>ব্যয়ের বিবরণ</th><th>পরিমান (টাকা)</th><th>মোট টাকা</th></tr>
<tr><td>১</td><td>২ জন রিসোর্স পার্সনদের সম্মানি</td><td>১০,০০০ × ২</td><td>২০,০০০.০০</td></tr>
<tr><td>২</td><td>অংশগ্রহণকারী কর্মকর্তাদের সম্মানি</td><td>২,০০০× ৮=১৬,০০০/-</td><td>২৬,০০০.০০</td></tr>
<tr><td>৩</td><td>আপ্যায়ন বাবদ (২৬ জনের)</td><td>২৬×৩০০=৭,৮০০/-</td><td>৭,৮০০.০০</td></tr>
<tr><td colspan="3">সর্বমোট: (তিপ্পান্ন হাজার আটশত) টাকা</td><td>৫৩,৮০০.০০</td></tr>
</table>
</td><td></td></tr>
<tr><td>সিএম/১৫১/১৭</td><td>
আলোচ্য বিষয়: performance management system এর বিষয়ে ২৮ মে ২০১৭ তারিখে কমিশনে অনুষ্ঠিত প্রশিক্ষণে ব্যয়িত অর্থের সমন্বয় সম্পর্কে।<br><br>
সিদ্ধান্ত: ২৮ মে ২০১৭ তারিখে Performance Management System (PMS) এর উপর দিনব্যাপী অনুষ্ঠিত প্রশিক্ষণে রিসোর্স পার্সন ও অংশগ্রহণকারীদের সম্মানি বাবদ নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়:
<table>
<tr><th>ক্রমিক</th><th>ব্যয়ের বিবরণ</th><th>পরিমান (টাকা)</th><th>মোট টাকা</th></tr>
<tr><td>১</td><td>রিসোর্স পার্সনদের সম্মানি</td><td>৫,০০০ × ৩</td><td>১৫,০০০.০০</td></tr>
<tr><td>২</td><td>অংশগ্রহণকারী ২৮ জন কর্মকর্তাদের সম্মানি</td><td>( ২,০০০ × ৭) + ১,০০০ × ২১)</td><td>৩৫,০০০.০০</td></tr>
<tr><td colspan="3">সর্বমোট: (পঞ্চাশ হাজার) টাকা</td><td>৫০,০০০.০০</td></tr>
</table>
</td><td>সচিব</td></tr>
<tr><td>সিএম/১৫০/ বিবিধ-১</td><td>সিদ্ধান্ত: বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়াম শাখার লাইসেন্স প্রদানের ক্ষেত্রে আবেদনপত্র মূল্যায়ন কমিটির পরিবর্তে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সরাসরি প্রক্রিয়াকরণ করবে। সচিব শাখা হতে এ সংক্রান্ত অফিস আদেশ জারী করতে হবে।</td><td>সচিব</td></tr>
<tr><td>সিএম/১৫০/ বিবিধ-২</td><td>সিদ্ধান্ত: কমিশন কর্তৃক অনুমোদিত বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়াম শাখার নতুন লাইসেন্সের আবেদন ফরম ও চেকলিস্ট, সংশোধিত লাইসেন্স সার্টিফিকেটের আবেদন ফরম ও চেকলিস্ট এবং নবায়নের আবেদন ফরমসমূহ কয়েকটি দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন আকারে প্রকাশ করতে হবে। ।</td><td>সচিব</td></tr>
<tr><td>. সিএম/১৫০/ বিবিধ-৩</td><td>সিদ্ধান্ত: কমিশন সভায় উপস্থাপনের জন্য কার্যপত্রের নির্দিষ্ট ছক (format) প্রণয়ন করতে হবে।</td><td>সচিব</td></tr>
</table>

৩। সভায় অন্যকোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মিজানুর রহমান)
সদস্য

(মোঃ আবদুল আজিজ খান)
সদস্য

(মাহমুদউল হক ভূইয়া)
সদস্য

(রহমান মুরশেদ)
সদস্য

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

নং- বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ ২৪৮/২০১৭/৬২৫৮ তারিখঃ ২২ জুন, ২০১৭

বিতরণঃ

১। পরিচালক (পেট্রোলিয়াম/গ্যাস/ অর্থ ও হিসাব/ বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপ- পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, বিইআরসি, ঢাকা [মাননীয় চেয়ারম্যান এর সদয় অবগতির জন্য]।
৪। উপ-পরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা [মাননীয় সদস্য এর সদয় অবগতির জন্য]।

(মুহঃ মাহবুবর রহমান)
সচিব
ফোনঃ ৯১৪০১২৫